গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৭২৮ (অংশ-২).২০- ৫৮৭

তারিখ: ২০ পৌষ ১৪২৯ / ০৪ জানুয়ারি ২০২৩

বিষয়: ২৭ ফেব্রুয়ারি-২০২৩ "জাতীয় পরিসংখ্যান দিবস" পালনের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. শাহনাজ আরেফিন *এনডিসি*
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ০১ জানুয়ারি ২০২৩, সকাল ১০:৩০ মিনিট
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-এ)
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ, এফসিএমএ, যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে জনকল্যাণমুখী ও দেশের উন্নয়ন পরিকল্পনায় অবদান রাখার বিষয় উপস্থাপনের নিমিত্ত ০৮ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে ২৭ ফেব্রুয়ারি 'জাতীয় পরিসংখ্যান দিবস' ঘোষণার প্রস্তাব অনুমোদন করা হয়। দিবসটিকে "খ" শ্রেণিতে অন্তর্ভুক্ত করে প্রতি বছর ২৭ ফেব্রুয়ারি তারিখকে "জাতীয় পরিসংখ্যান দিবস" হিসেবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ২০২১ সালে মুজিব শতবর্ষে প্রথম বার এবং ২০২২ সালে ২য় বারের মত "জাতীয় পরিসংখ্যান দিবস" পালন করা হয়।

২। "খ" শ্রেণির দিবস পালনে যেরূপ নির্দেশনা রয়েছে তা অনুসরণ করে দিবসটি পালনের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় সভায় আরো উল্লেখ করেন যে, গত বছর কোভিড পরিস্থিতি বিবেচনায় যেহেতু সীমিত পরিসরে দিবসটি পালন করতে হয়েছে সেহেতু এ বছর ২০২৩ সালে বিস্তৃত পরিসরে সরকারের উন্নয়ন কার্যক্রমের পরিসংখ্যানগত তথ্য উপাত্ত প্রচারসহ পরিসংখ্যানের গুরুত্ব তুলে ধরে দিবসটি পালন করার পদক্ষেপ গ্রহণ করা যায়।

৩। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনা পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | প্রতিপাদ্য নির্ধারণ | জাতীয় পরিসংখ্যান দিবসের বিগত দুই বছরের প্রতিপাদ্য এবং আন্তর্জাতিক প্রতিপাদ্য এর সমন্বয়ের মাধ্যমে একটি বিশ্বমানের প্রতিপাদ্য নির্বাচন করতে হবে। প্রতিপাদ্য সংক্রান্ত উপকমিটির মাধ্যমে চূড়ান্ত প্রতিপাদ্য নির্বাচন করা যেতে পারে। | জাতীয় পরিসংখ্যান দিবস-২০২৩ পালনের প্রতিপাদ্য সংক্রান্ত উপকমিটি |
| ৩.২ | কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে দিবস উদযাপন | কেন্দ্রীয়ভাবে সদর দপ্তরে দিবসটি পালিত হবে। একই সাথে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায়ে, উপজেলা পর্যায়ে দিবসটি পালন করতে হবে। যেসকল বিভাগীয় অফিস, জেলা অফিস একই শহরে অবস্থিত, সেসকল জেলার উপজেলা অফিসসমূহ জেলা সদর দপ্তর অফিসের সাথে সমন্বয় করে দিবসটি পালন করবে। সভাপতি মহোদয় এ বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:<br>"মাঠ পর্যায়ে যেসকল কর্মকর্তা দায়িত্ব পালন করছেন তাদের মধ্য হতে যারা দক্ষতার সাথে কাজ করছেন এরূপ | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো/জেলা কর্মকর্তা |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | অনধিক দশ জন-এর তালিকা তৈরি করে তাদেরকে জুম/সরাসরি মূল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বলা যেতে পারে"। | |
| ৩.৩ | দিবস উদ্‌যাপনের প্রস্তাবিত কর্মসূচি | দিবসটি পালনে দিনব্যাপী বিষয়ভিত্তিক আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ডকুমেন্টারি ও স্মরণিকা প্রকাশ করতে হবে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর ওয়েবসাইটে পরিসংখ্যান দিবস কর্নার খোলা যেতে পারে। টেলিভিশনের নিউজ স্ক্রলে দিবসটি পালনের বিষয়ে খবর প্রচার এবং এসএমএস-এর মাধ্যমে দিবসটির প্রতিপাদ্য জানানো যেতে পারে। | জাতীয় পরিসংখ্যান দিবস-২০২৩ পালনের জন্য গঠিত উপ-কমিটি |
| ৩.৪ | মূল অনুষ্ঠানের প্রধান অতিথি | সরকারের উন্নয়ন কর্মকান্ড ও ভবিষ্যত পরিকল্পনাসমূহ গুরুত্ব সহকারে উপস্থাপনের লক্ষ্যে চলতি বছরের দিবস উদ্‌যাপনের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী-কে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর জন্য একটি সার-সংক্ষেপ প্রেরণ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি পাওয়া গেলে সে মোতাবেক বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি) কে ভেন্যু হিসেবে নির্বাচন করা যেতে পারে। সে আলোকে পরবর্তী সভায় অন্যান্য অতিথি/দিবস উদ্‌যাপনের বক্তা নির্ধারণ করা হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৩.৫ | স্মরণিকা প্রকাশ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সমস্ত অংশীজনের সাথে সমন্বয় করে স্মরণিকা প্রস্তুত করতে হবে। স্মরণিকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রাক্তন সচিবগণ-এর মধ্য হতে যেকোন দুইটি লেখাসহ নিম্নবর্ণিত বিষয়ে লেখায় গুরুত্ব আরোপ করতে হবে:<br>(ক) এসডিজি'র সাথে পরিসংখ্যানের সম্পর্ক/পারস্পারিক নির্ভরশীলতার বিষয়ে বর্ণনা;<br>(খ) ২০২২ সালে দেশে প্রথমবারের মত ডিজিটাল শুমারি (জনশুমারি ও গৃহ গণনা-২০২১) সফলভাবে সম্পন্ন করার বিষয়ে লেখা;<br>(গ) আন্তর্জাতিক NSO এর অভিজ্ঞতা নিয়ে আমরা কিভাবে বিবিএস তথা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে শক্তিশালী করা যায় সে বিষয়ে আলোকপাত;<br>(ঘ) উন্নয়ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান এবং যেসকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগ রয়েছে তাদের মধ্য থেকে বাংলাদেশের পরিসংখ্যানের উন্নয়ন, অগ্রগতি, বর্তমান বাস্তবতা ও ভবিষ্যতে করণীয় বিষয়ে লেখা আহবান করতে হবে। এছাড়া মাঠ পর্যায়ে পরিসংখ্যান বিষয়ক তথ্য-উপাত্ত সংগ্রহ এবং নীতি ও পরিকল্পনা বাস্তবায়নে পরিসংখ্যানের গুরুত্ব বিষয়ক লেখা কর্মকর্তাদের নিকট থেকে আহবান করতে হবে। | জাতীয় পরিসংখ্যান দিবস-২০২৩ পালনের স্মরণিকা প্রকাশ সংক্রান্ত উপকমিটি |
| ৩.৬ | ডকুমেন্টারি তৈরী | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিকল্পনা বিভাগ এর গুরুত্বপূর্ণ কার্যক্রম নিয়ে সর্বোচ্চ ৫-৭ (পাঁচ-সাত) মিনিটের একটি ডকুমেন্টারি তৈরি করতে হবে। | এ সংক্রান্ত উপকমিটি |
| ৩.৭ | অংশীজনদের সম্পৃক্তকরণ | কেন্দ্রীয়ভাবে আমন্ত্রিত অতিথিবৃন্দসহ, অধিদপ্তরের বিভিন্ন অংশীজন, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, বাংলাদেশ | মহাপরিচালক, বাংলাদেশ |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তর, বিভাগীয় কার্যালয় ও জেলা পরিসংখ্যান কার্যালয়, ঢাকায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে স্বল্প পরিসরে স্বাস্থ্যবিধি মেনে ঢাকায় ২৭ ফেব্রুয়ারি, ২০২৩ জাতীয় পরিসংখ্যান দিবসের উদ্বোধনী অনুষ্ঠান উদযাপন।<br>মাঠ পর্যায়ে জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপনের সার্বিক সহযোগিতা প্রদান এবং সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণকে উপআনুষ্ঠানিক পত্র প্রেরণ। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য এবং বিবিএস-এর অনুষ্ঠানে অংশগ্রহণে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের আগ্রহী শিক্ষকগণ, পরিসংখ্যান বিষয়ক অন্যান্য সরকারি প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। এছাড়া যেসব পাবলিক বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগ আছে সেসব বিশ্ববিদ্যালয়সমূহ দিসবটি পালনে ভূমিকা নেয়ার জন্য মহাপরিচালক, বিবিএস হতে পত্রযোগে অনুরোধ করা হবে। | পরিসংখ্যান ব্যুরো এবং জাতীয় পরিসংখ্যান দিবস-২০২৩ পালনের জন্য গঠিত উপ-কমিটি |
| ৩.৮ | আলোক সজ্জা সড়কদ্বীপ সজ্জিতকরণ | ১. ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সড়ক ও বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনে প্লাকার্ড, পোস্টার টাঙানোর বিষয়ে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br>২. বিভাগ ও জেলা পর্যায়েও পরিসংখ্যান ভবন আলোকসজ্জা এবং কেন্দ্রীয় কর্মসূচির সাথে সমন্বয় করে কর্মসূচি পালনের নির্দেশনা জারি করা যেতে পারে।<br>৩. দিবস উপলক্ষ্যে পরিসংখ্যান ভবনে পুস্তক/প্রকাশনা প্রদর্শনী স্টল স্থাপন করা যেতে পারে। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এ সংক্রান্ত গঠিত উপকমিটি |
| ৩.৯ | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন সংক্রান্ত মূল কমিটি | ১. মহাপরিচালক, বিবিএস-আহ্বায়ক<br>২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), SID-সদস্য<br>৩. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID-সদস্য<br>৪. যুগ্মসচিব (প্রশাসন), SID-সদস্য<br>৫. উপমহাপরিচালক, বিবিএস-সদস্য<br>৬. যুগ্মসচিব (বাজেট)-সদস্য<br>৭. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)-সদস্য<br>৮. যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন)-সদস্য<br>৯. পরিচালক (জনাব আবুল কালাম আজাদ), বিবিএস-সদস্য<br>১০. পরিচালক (জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া), বিবিএস-সদস্য<br>১১. পরিচালক (জনাব জিয়াউদ্দীন আহমেদ), বিবিএস-সদস্য<br>১২. উপসচিব (প্রশাসন-৩), বিবিএস-সদস্য<br>১৩. উপসচিব (প্রশাসন-২), বিবিএস-সদস্য<br>১৪. সচিবের একান্ত সচিব, SID-সদস্য<br>১৫. পরিচালক (ভারপ্রাপ্ত), এফএএন্ড এমআইএস, বিবিএস-সদস্য-সচিব | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৩.১০ | উপকমিটিসমূহ | দিবসটি পালনে সার্বিক সমন্বয়ক ব্যবস্থাপনার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত মূল কমিটিকে সার্বিক সহযোগিতা করার জন্য ও নির্দিষ্ট কার্যক্রমভিত্তিক নিম্নবর্ণিত | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | উপকমিটিসমূহ গঠন করা হলো:<br>(ক) **উপকমিটিসমূহ (পরিশিষ্ট-খ)**:<br>১. প্রতিপাদ্য নির্ধারণ উপকমিটি;<br>২. ভেন্যু নির্ধারণ উপকমিটি;<br>৩. অভ্যর্থনা উপকমিটি;<br>৪. সাজসজ্জা উপকমিটি;<br>৫. অতিথিদের তালিকা প্রস্তুত ও আমন্ত্রণপত্র প্রেরণ সংক্রান্ত উপকমিটি;<br>৬. মাঠ পর্যায়ের উপকমিটি;<br>৭. প্রচার ও প্রচারণা সংক্রান্ত উপকমিটি;<br>৮. ডকুমেন্টারি প্রদর্শন সংক্রান্ত উপকমিটি;<br>৯. স্মরণিকা প্রকাশ সংক্রান্ত উপকমিটি;<br>১০. ক্রোড়পত্র ও বাণী সংক্রান্ত উপকমিটি;<br>১১. উন্নয়ন সহযোগী ও শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত উপকমিটি;<br>১২. র‍্যালি সংক্রান্ত উপকমিটি;<br>১৩. প্রচার ও প্রেস কনফারেন্স সংক্রান্ত উপকমিটি;<br>১৪. আপ্যায়ন সংক্রান্ত উপকমিটি;<br>১৫. বাজেট/অর্থায়ন সংক্রান্ত উপকমিটি;<br>১৬. সেমিনার সংক্রান্ত উপকমিটি;<br>১৭. স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত উপকমিটি;<br>**উক্ত উপকমিটিসমূহ ও কমিটির কর্মপরিধি নির্ধারণকরত পৃথকভাবে অফিস আদেশ জারি করা হবে।** | পরিসংখ্যান ব্যুরো |

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪.০১.০৫

ড. শাহনাজ আরেফিন *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৭২৮ (অংশ-২).২০- ৫৩৭ তারিখ: পৌষ ১৪২৯ / জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮। সিস্টেম অ্যানালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি।

০৪/০৩/২০২৬

মোঃ ফরিদ হোসেন
উপসচিব